

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং- ৪৫.১৪৮.১১৬.০০.০০.০০৬.২০১৫/৭৬


তারিখঃ ০১/০৯/২০১৫ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তরে সকল জনবলের তথ্য ব্যবস্থাপনার জন্য তথ্য ভান্ডার (এইচআরএম) হালনাগাদকরণ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তরে সকল জনবলের তথ্য ব্যবস্থাপনার জন্য তথ্য ভান্ডার তথ্য ভান্ডার (এইচআরএম) সিস্টেম চালু করেছে। এ সফটওয়্যারের মাধ্যমে প্রতিষ্ঠান ভিত্তিক প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর সকল তথ্য সংযোজন/ হালনাগাদ করার ব্যবস্থা আছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১। স্বাস্থ্য অধিদপ্তর, প্রতিটি বিভাগীয়, জেলা, উপজেলা স্বাস্থ্য ব্যবস্থাপকগণের অফিসসহ প্রতিটি হাসপাতাল ও প্রতিষ্ঠানে অফিস/ হাসপাতাল/প্রতিষ্ঠান প্রধানের নেতৃত্বে অন্তত ৩ থেকে ৫ সদস্য বিশিষ্ট একটি করে কমিটি গঠন করতে হবে। কমিটি প্রতি মাসে সভায় মিলিত হয়ে এইচআরএম সিস্টেমে স্ব-স্ব আওতাধীন জনবলের তথ্য হালনাগাদ আছে কিনা তা পর্যালোচনা করবে এবং হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের মাসিক স্বাস্থ্য সভা এবং হাসপাতাল ও প্রতিষ্ঠান পর্যায়ের মাসিক সভায় আবশ্যিকীয় এজেন্ডা হিসেবে এইচআরএম হালনাগাদ পরিস্থিতি পর্যালোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত নিতে হবে এবং তা বাস্তবায়ন করতে হবে।
- ২। ইতিমধ্যে নিয়োগ, বদলী, দায়িত্ব অবমুক্তি, দায়িত্ব গ্রহণ প্রভৃতি কার্যক্রম এইচআরএম সফটওয়্যারের মাধ্যমে সম্পাদন করার কাজ শুরু হয়েছে। কাজেই নিয়োগ, বদলী, অবমুক্তি এবং দায়িত্ব গ্রহণ সংক্রান্ত যাবতীয় কাজ এইচআরএম সফটওয়্যারের মাধ্যমেই সম্পাদন করতে হবে।
- ৩। এইচআরএম সিস্টেমের বিষয়ে কোন প্রকার টেকনিক্যাল সমস্যা হলে এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর এর সাথে যোগাযোগ করতে হবে।


(বাসুদেব গাশুলী)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তৌর অধিনস্থ সকল প্রতিষ্ঠানসমূহে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)।
- ৫। পরিচালক, মেডিকেল কলেজ ও হাসপাতাল / বিশেষায়িত হাসপাতাল (সকল)।
- ৬। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল) (তৌর অধিনস্থ সকল প্রতিষ্ঠানসমূহে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব (প্রশাসন/পার/চিকিৎসা শিক্ষা/হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপসচিব (প্রশাসন-১/পার-১/পার-২/পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সহকারী সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পরিপত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)